

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

সায়রাত অধিশাখা-১

০৭ জুন ২০১৮

তারিখ-----

২৪ জ্যৈষ্ঠ ১৪২৫

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৫৯.০১৫.১৮.২৩৪

বিষয়ঃ সিলেট জেলার সদর উপজেলাধীন “তিনমুড়ি ধুমখাল” জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক-১০.০০.০০০০.১৩৫.৩৩.৪৩.১৭(রিট-২)(অংশ)-৩৪ তারিখ: ১৩/০৩/২০১৮খ্রি:।

(২) জেলা প্রশাসক, সিলেট এর স্মারক-০৫.৪৬.৯১০০.০৮.৩২.১০০.১১-৩২২৫ তারিখ: ১২/১১/২০১৭খ্রি

(৩) জনাব হেলাল আহমদ এর ০৩/০৪/২০১৮খ্রি: তারিখে আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার সদর উপজেলাধীন “তিনমুড়ি ধুমখাল” জলমহালটি ৩৭তম সভায় রহমানিয়া মৎস্যজীবী সমবায় সমিতি লি: এর অনুকূলে ১৪২৩-১৪২৮ বাংলা মেয়াদে ইজারা প্রদান করা হয়। কিন্তু জলমহালটি নিয়ে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগে দায়েরকৃত সিএমপি নং-২৭৭/২০১৭ মামলার প্রেক্ষিতে বিজ্ঞ সলিসিটর উইং থেকে মতামত গ্রহণ করা হয়।

২। মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের রায়ের আশ্রয়ে সিলেট জেলার সদর উপজেলাধীন তিনমুড়ি ধুমখাল জলমহালের ইজারা ১লা বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ হতে পরবর্তী ৫ (পাঁচ) বছরের জন্য জিলকার মৎস্যজীবী সমবায় সমিতি লি: বরাবর প্রদান করতে আইনগত কোন বাঁধা নেই মর্মে আইন মন্ত্রণালয়ের মতামত অনুবিভাগ হতে জানানো হয়েছে।

৩। বর্ণিতাবস্থায়, “তিনমুড়ি ধুমখাল” জলমহালটি বর্তমানে ইজারা গ্রহীতা রহমানিয়া মৎস্যজীবী সমবায় সমিতি লি: এর নিকট হতে সরকারের নিয়ন্ত্রণে এনে অন্য কোন মামলায় কোন নিষেধাজ্ঞার আদেশ না থাকলে আইন মন্ত্রণালয়ের মতামত অনুবিভাগের মতামতের প্রেক্ষিতে উন্নয়ন প্রকল্পে ১৪২৪-১৪২৮ বাংলা সন মেয়াদে জিলকার হাওড় মৎস্যজীবী সমবায় সমিতি লি:এর অনুকূলে প্রথম তিন বছর বার্ষিক ৫,১০,০০০/-টাকা এবং পরবর্তী দুই বছর উক্ত অংকের ২৫% বর্ধিত ইজারা মূল্যে ইজারা প্রদান করা যেতে পারে এবং ১৪২৪ বাংলা সনের ইজারা বাবদ আদায়কৃত অর্থ ইজারা গ্রহীতা জিলকার হাওড় মৎস্যজীবী সমবায় সমিতি লি: এর কাছ থেকে উক্ত সময়ের দেয়া ইজারা মূল্যের সাথে সমন্বয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পাতা।

জেলা প্রশাসক
সিলেট।

(মোঃ তাজুল ইসলাম মিয়া)

উপসচিব

ফোনঃ ৯৫৪৯১৭৫

E-mail: mol_sairat_1@yahoo.com

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৫৯.০১৫.১৮.২৩৪/১(৭)

০৭ জুন ২০১৮

তারিখ-----

২৪ জ্যৈষ্ঠ ১৪২৫

✓ অনুলিপি: সদয় অবগতির জন্য-

- (১) - নীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- (২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- (৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- (৪) প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- (৫) অতিরিক্ত সচিব (সায়রাত) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৬) সম্পাদক, জিলকার হাওড় মৎস্যজীবী সমবায় সমিতি লি:, জালালাবাদ, সদর, সিলেট।
- (৭) সম্পাদক, রহমানিয়া মৎস্যজীবী সমবায় সমিতি লি:, সাং-ফকিরপুর মাদ্রাসা বাজার, সদর, সিলেট।

(মোঃ তাজুল ইসলাম মিয়া)

উপসচিব